দৈনিক জনকণ্ঠ

তারিখ: 26 DEC 2005
পৃষ্ঠা: ১১ কলাম: ৪

রাজশাহীর সরকারী স্কুলে ভর্তি

# সাড়ে ৯শ' আসনে জমা পড়েছে সাড়ে তিন হাজার আবেদন

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহী মহানগরীর ছয়টি সরকারী স্কুলের ৯৫৫ আসনে প্রায় সাড়ে তিন হাজার ভর্তি ফরম (আবেদনপত্র) জমা পড়েছে। ১৭ থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত প্রথম, তৃতীয় ও ষষ্ঠ শ্রেণীতে ভর্তির ফরম বিতরণ ও জমা নেয়া হয়। কোমলমতি ছাত্রছাত্রীদের মেধা যাচাইয়ের জন্য ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ২, ৪ ও ৭ জানুয়ারি।

জানা যায়, দীর্ঘদিনেও রাজশাহীতে মানসম্পন্ন নতুন কোন স্কুল গড়ে ওঠেনি। এ কারণে মহানগরীর ছয়টি সরকারী স্কুলে ভর্তির চাপ অত্যধিক। সেই সঙ্গে রয়েছে রাজনৈতিক ও প্রশাসনিক তদ্বির। সরকারী স্কুলগুলোতে ভর্তির সুযোগ পাওয়া রীতিমতো সোনার হরিণ। ভর্তির ক্ষেত্রে অনিয়ম, দুর্নীতি, স্বজনপ্রীতি রাজনৈতিক প্রভাব রোধে গত বছরের মতো এবারও রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের তত্ত্বাবধানে সম্পন্ন হচ্ছে ভর্তির যাবতীয় প্রক্রিয়া।

এবার গভঃ ল্যাবরেটরী স্কুলের তৃতীয় শ্রেণীতে ১১০ ও ষষ্ঠ শ্রেণীতে ১০ সহ মোট ১২০; কলেজিয়েট স্কুলের তৃতীয় শ্রেণীর প্রভাতী শাখায় ১১০ ও দিবা শাখায় ১১০, ষষ্ঠ শ্রেণীর দিবা শাখায় ৩০ সহ মোট ২৫০; শিরোইল সরকারী উচ্চ বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর দু'টি শাখায় ১০০ ও ষষ্ঠ শ্রেণীতে ৫০ সহ মোট ১৫০; রাজশাহী সরকারী মাদ্রাসায় প্রথম শ্রেণীতে ৪৫, তৃতীয় শ্রেণীতে ৩০ ও ষষ্ঠ শ্রেণীতে ২০ সহ মোট ৯৫; সরকারী পিএন বালিকা বিদ্যালয়ের প্রথম শ্রেণীর প্রভাতী শাখায় ৯০ ও দিবা শাখায় ৯০, ষষ্ঠ শ্রেণীতে ১০ সহ মোট ১৯০; হেলেনাবাদ সরকারী গার্লস স্কুলের ষষ্ঠ শ্রেণীর দুই শাখায় ১৫০ সহ সর্বমোট ৯৫৫ আসনে ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

প্রথম শ্রেণী ছাড়া ভর্তি পরীক্ষা আগের শ্রেণীর ন্যাশনাল কারিকুলাম ও টেক্সটবুক বোর্ডের অনুমোদিত পাঠ্য পুস্তকের মানের ভিত্তিতে অনুষ্ঠিত হবে। প্রশ্নের মানবণ্টন যথাক্রমে বাংলায় ৩৩, ইংরেজীতে ৩৩ ও সাধারণ গণিতে ৩৪—সর্বমোট ১০০ নম্বর। প্রতি বিষয়ে আলাদাভাবে পাস নম্বর ১১। সকল বিষয়ে পাস ছাত্রছাত্রীদের প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকা অনুসারে স্কুল নির্বাচন করা হবে।